# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ ঈদ সংক্রান্ত আরো কিছু মাসায়েল

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কেউ একা চাঁদ দেখলে

ঈদের চাঁদ কেউ একা দেখলে সে কিন্তু একা একা ঈদ করতে পারে না। বরং চাঁদ দেখা সত্ত্বেও তার জন্য রোযা রাখা ওয়াজেব। কেননা, শওয়ালের চাঁদ দুই জন মুসলিম দেখার সাক্ষ্য না দেওয়া পর্যন্ত শরীয়তের দৃষ্টিতে প্রমাণ হয় না। তা ছাড়া মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, “ঈদ সেদিন, যেদিন লোকেরা ঈদ করে। কুরবানী সেদিন, যেদিন লোকেরা কুরবানী করে।”[1] যেহেতু শরীয়তে জামাআতের বড় মর্যাদা আছে।

মতান্তরে যে ব্যক্তি একা চাঁদ দেখবে সে পরের দিন রোযা রাখবে না। যেহেতু মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, “তোমরা চাঁদ দেখে রোযা রাখ, চাঁদ দেখে রোযা ছাড়।” তবে প্রকাশ্যে নয়, বরং গোপনে ইফতার করবে সে। যাতে সে জামাআত-বিরোধী না হয়ে যায়। অথবা তাকে কেউ অসঙ্গত অপবাদ না দিয়ে বসে। আর আল্লাহই অধিক জানেন।[2]

## ফুটনোট

[1] (সহীহ তিরমিযী, আলবানী ৬৪৩, ইরওয়াউল গালীল, আলবানী ৯০৫নং)

[2] (আশশারহুল মুমতে’ ৬/৩২৯, আসইলাতুন অআজবিবাতুন ফী স্বালাতিল ঈদাঈন ২৫পৃঃ, আহকামুস সাওমি অল-ই’তিকাফ, আবূ সারী মঃ আব্দুল হাদী ৪২পৃঃ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4167

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন